

M.A. PART-II EXAMINATION, 2020 (DDE)

বিষয় : বাংলা

ষষ্ঠ পত্র

পূর্ণমান : 80

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক। যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিন।

(প্রতিটি অর্ধের জন্য পৃথক উত্তরপত্র ব্যবহার করতে হবে।)

প্রথম অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : (প্রশ্নমান : ২ X ১০ =২০)

- (ক) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করার নিয়মগুলি দৃষ্টান্ত দিয়ে বোঝান।
- (খ) বাংলা ভাষার উদ্ভবের কাল নিয়ে যে বিতর্ক রয়েছে তা সংক্ষেপে আলোচনা করুন।
- (গ) শব্দ গঠনের ক্ষেত্রে সমযুক্ত ও বিষমযুক্ত ব্যঞ্জনের অবস্থান উদাহরণ দিয়ে বোঝান।
- (ঘ) সামাজিক উপভাষার ক্ষেত্রে শিক্ষা, বয়স, লিঙ্গ, ধর্ম, জাতপাত, পেশা, অর্থনীতি ইত্যাদি কারণে কীভাবে ভাষা ব্যবহারের তফাৎ হয় বুঝিয়ে দিন।

ষষ্ঠ পত্রের প্রথম অর্ধ-এর উত্তর মোট ৬ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠা সহ বাকি পৃষ্ঠাগুলিকে পর পর সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে, নির্দিষ্ট করে দেওয়া ই-মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।

দ্বিতীয় অর্ধ (মান : ২০)

যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন : (প্রশ্নমান : ২ X ১০ =২০)

- ক) 'কি না হৈল সেই মোরে কানুর পিরীতি'—পদটি কোন পর্যায়ের, এই পর্যায়ের পদ রচনায় কবি নরহরির কৃতিত্ব আলোচনা করুন।
- খ) 'মৈমনসিংহ গীতিকা'র পুরুষ চরিত্র অপেক্ষা নারী চরিত্রগুলি অনেক বেশি উজ্জ্বল'—গীতিকা অবলম্বনে উক্তিটি কতখানি সংগত তা বিচার করুন।
- গ) কবিকঙ্কণের আত্মবিবরণীতে সমাজ ও রাষ্ট্রীয় জীবনের যে-আলেখ্য পাওয়া যায় তার স্বরূপ আলোচনা করুন।
- ঘ) অচিন্ত্যভেদাভেদ তত্ত্বটি উদাহরণ সহযোগে আলোচনা করুন।

ষষ্ঠ পত্রের দ্বিতীয় অর্ধ-এর উত্তর মোট ৬ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠা সহ বাকি পৃষ্ঠাগুলিকে পর পর সাজিয়ে একটি পি ডি এফ ফাইল করে, নির্দিষ্ট করে দেওয়া ই-মেল আইডি-তে অ্যাটাচ করে পাঠাতে হবে।